

পশ্চিমবঙ্গ রাজ্য নির্বাচন আয়োগ
১৮, সরোজিনী নাইডু সরণি, কলকাতা-১৭

PANCHAYAT
ELECTION JURGENS

নং. ২৬৬৭-এসইসি/৬ডি-৮/২০০৮

তারিখ : ২১.০৮.২০১৫

আদেশনামা

১. যেহেতু, ভারতীয় সংবিধানের ২৪৩ কে (১) ধারা অনুসারে পঞ্চায়েত নির্বাচনের তত্ত্বাবধান, পরিচালন ও নিয়ন্ত্রণের দায়িত্ব রাজ্য নির্বাচন আয়োগের উপর ন্যস্ত, এবং
২. যেহেতু, 'নির্বাচন' কথাটির সাথে কতকগুলি পর্যায়ে বিন্যস্ত সমগ্র নির্বাচন পদ্ধতি যুক্ত যার মধ্যে এমন কিছু পদক্ষেপ রয়েছে যা প্রার্থী নির্বাচনে নির্বাচকদের কাছে খুবই গুরুত্বপূর্ণ, এবং
৩. যেহেতু, স্বচ্ছ নির্বাচনের ক্ষেত্রে প্রার্থীর কিছু তথ্য যেমন তার শিক্ষাগত যোগ্যতা, পেশা, তার আয় ও সম্পত্তির পরিমাণ, সরকার, ব্যাঙ্ক ও অন্যান্য আর্থিক সংস্থার কাছে ও পঞ্চায়েত সংস্থার কাছে তার দায় নির্বাচকদের প্রার্থী পছন্দের ক্ষেত্রে খুবই সহায়ক,
৪. যেহেতু, বিভিন্ন রাজনৈতিক দল ও জেলা পঞ্চায়েত নির্বাচন আধিকারিক কমিশনের ২২শে মার্চ, ২০১৩ তারিখে প্রকাশিত ৫০৭-এসইসি/৬ডি-৮/২০০৮ নং আদেশনামা অনুযায়ী হলফনামা জমা দেওয়ার ক্ষেত্রে গ্রামীণ অঞ্চলে নন-জুড়িশিয়ালস্ট্যাম্প পেপার ও হলফনামা শপথগ্রহণের জন্য উপযুক্ত কর্তৃপক্ষের অপ্রতুলতার কারণে প্রার্থীদের বিশেষঅসুবিধার বিষয়টি আয়োগের নজরে এনে ছন।
৫. অতএব, এমতাবস্থায় পশ্চিমবঙ্গ রাজ্য নির্বাচন আয়োগ, ভারতীয় সংবিধানের ২৪৩ কে ধারা প্রদত্ত ক্ষমতাবলে পূর্বে প্রকাশিত ২২শে মার্চ, ২০১৩ তারিখে ৫০৭-এসইসি/৬ডি-৮/২০০৮ নং আদেশনামাটি বাতিল করে নিম্নলিখিত আদেশনামা জারি করছে :
 - (ক) পঞ্চায়েত নির্বাচনে প্রত্যেক প্রার্থী অবশ্যই মনোনয়নপত্র জমা দেওয়ার সময় নিজের সম্পর্কে সম্পূর্ণ তথ্য ঘোষণাপত্রের আকারে জমা দেবেন। আয়োগ দ্বারা ঘোষণাপত্রের বয়ন এই নির্দেশিকার সঙ্গে সংযুক্ত করা হল। নির্দেশিত ঘোষণাপত্রটি সংশ্লিষ্ট পঞ্চায়েত নির্বাচন আধিকারিক অথবা কোনো সহকারী পঞ্চায়েত নির্বাচন আধিকারিকের উপস্থিতিতে প্রার্থী সহি করবেন।
 - (খ) সাধারণের অবগতির জন্য প্রত্যেক প্রার্থীর দাখিল করা ঘোষণাপত্র সংশ্লিষ্ট নির্বাচন আধিকারিক (Returning Officer) তার দপ্তরের এবং সংশ্লিষ্ট নির্বাচনক্ষেত্রের গ্রাম পঞ্চায়েতের নোটিস বোর্ডে প্রকাশের ব্যবস্থা করবেন এবং ঘোষণাপত্রগুলির অনুলিপি অন্যান্য প্রার্থী ও সংবাদমাধ্যমের প্রতিনিধিদের প্রয়োজনে সরবরাহের ব্যবস্থা রাখবেন, এবং
 - (গ) যদি প্রতিদ্বন্দ্বী প্রার্থী / প্রার্থীগণ ঘোষণাপত্রে উল্লিখিত কোন তথ্যের বিরুদ্ধে ঘোষণাপত্র পেশ করেন, তখন সেই ঘোষণাপত্রটি প্রার্থীর ঘোষণাপত্রের সাথে একইভাবে প্রচার ও প্রদর্শন করতে হবে।
৬. সকল নির্বাচক আধিকারিকগণ (Returning Officer) অবশ্যই ঘোষণাপত্রের বয়ানটি সমস্ত প্রার্থীদের মনোনয়নপত্রের নমুনার সাথে সরবরাহ নিশ্চিত করবেন।

রাজ্য নির্বাচন আয়োগের
অনুমত্যানুসারে
পশ্চিমবঙ্গ রাজ্য নির্বাচন আয়োগ

৩-৫ম।
২১।৮।১৫
সচিব
পশ্চিমবঙ্গ রাজ্য নির্বাচন আয়োগ

নং. ২৬৬৭/১(২৯)-এসইসি/৬ডি-৮/২০০৮

তারিখ : ২১.০৮.২০১৫

প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য প্রত্যায়িত নকল পাঠান হচ্ছে নিম্নলিখিত ব্যক্তি ও প্রতিষ্ঠানের কাছে :

১. জেলা পঞ্চায়েত নির্বাচন আধিকারিক ও জেলা শাসক,
এই নির্দেশের অনুলিপি অবিলম্বে সকল পঞ্চায়েত নির্বাচন আধিকারিকের (Returning Officer)নিকট, তা যথাযথভাবে পালন করার জন্য পাঠাতে অনুরোধ করা হচ্ছে।
২. সভাপতি / সাধারণ সম্পাদক / সম্পাদক
আপনার দলের সকল প্রার্থীকে নির্দেশ দেবেন যাতে এই আদেশটি প্রতিপালিত হয় এবং প্রার্থীরা তাদের মনোনয়নপত্রের সঙ্গে অবশ্যই ঘোষণাপত্রটি জমা দেয়।
৩. মুখ্য সচিব, মহাশয়ের স্বকীয় সচিব, পশ্চিমবঙ্গ সরকার।
৪. প্রধান সচিব, পঞ্চায়েত ও গ্রামীণ বিকাশ দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার।

৩=৫৮/১
২১/৮/১৫
সচিব
পশ্চিমবঙ্গ রাজ্য নির্বাচন আয়োগ